



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
<http://lddp.portal.gov.bd>

ডেইরি হাবস্ এবং ডিএমসিসি (Dairy Hubs and VMCC) প্রতিষ্ঠায় উদ্যোক্তাদের সাথে ম্যাচিং গ্রান্টের মাধ্যমে অংশীদারিত্ব প্রতিষ্ঠাকরণের ইওআই ফরমট এবং নির্দেশিকা (EoI Format and Guideline)

আবেদনকারীদের জন্য নির্দেশনাঃ

১. এই ফরমটি বিনামূল্যে এবং এলডিডিপি (<http://lddp.portal.gov.bd>), ডিএলএস (www.dls.gov.bd) এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (<http://mofl.gov.bd>) এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে;
২. ফরমটি ডেইরি হাবস্ এবং ডিএমসিসি (Dairy Hubs and VMCC)-এর মালিক/একজন ব্যক্তি যিনি আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন তিনি পূরণ করতে পারবেন;
৩. উল্লিখিত সকল যোগ্য মানদন্ড পূরণ হলেই আবেদন করতে পারবেন;
৪. আবেদন করার আগে অনুগ্রহ করে আগ্রহব্যক্তকরণ বা EoI ফরমেটটি ভালোভাবে পড়ে নিতে হবে;
৫. সকল প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে হবে। যদি কোন প্রশ্ন প্রাসঙ্গিক না হয় তবে "প্রযোজ্য নয়" লিখতে হবে;
৬. দ্রুত প্রক্রিয়াকরণ নিশ্চিত করার জন্য সঠিক এবং সহজে যাচাইযোগ্য তথ্য উপস্থাপন করতে হবে;
৭. মিথ্যা তথ্য প্রদান বা অসাধু উপায়/রেফারেন্স ব্যবহার করলে আপনার আবেদন অগ্রাহ্য হবে;
৮. ফরমের শেষ পৃষ্ঠায় প্রতিটি প্রশ্নের সাথে উল্লিখিত সকল সহায়ক কাগজপত্র সংযুক্ত করতে হবে;
৯. আবেদনপত্রের EoI ফরমেটের সব পৃষ্ঠায় স্বাক্ষর ও ব্যবসা প্রতিষ্ঠানের অফিসিয়াল স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
১০. আবেদনপত্র জমা দেওয়ার অর্থ এই নয় যে প্রাণিসম্পদ অধিদপ্তর /প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প ম্যাচিং গ্রান্ট প্রদানের জন্য বাধ্য থাকবে;
১১. আবেদনের ন্যায্য ও স্বচ্ছ মূল্যায়নের উপর ভিত্তি করে ম্যাচিং গ্রান্ট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হবে;
১২. যে কোনও তথ্য যদি স্পষ্ট না হয় বা ওভাররাইটিং থাকে বা সংশোধন করা হয় অথচ যথাযথভাবে স্বাক্ষরিত না থাকে তবে তা বাতিল বলে গণ্য হবে;
১৩. যে কোনও প্ররোচনা (Persuasion) অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে;
১৪. এলডিডিপি যে কোনও প্রস্তাব/আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান করার সর্বস্বত্ত সংরক্ষণ করেন।